দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 1 ... 2013 ...
পৃষ্ঠা ১৫ ... কলাম ... ৪ ...

প্রজ্ঞাপনের ৬ বছরেও সরকারি হয়নি গুরুদাসপুর পাইলট হাইস্কুল

■ রাশেদুল ইসলাম, গুরুদাসপুর (নাটোর) সংবাদদাতা

নাটোরের গুরুদাসপুর পাইলট উচ্চ বিদ্যালয়টি মডেল প্রতিষ্ঠান ঘোষণার ছয় বছর পরও সরকারিকরণ করা হয়নি। এ কারণে হতাশ হয়ে পড়েছেন ওই প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীসহ অভিভাবকরা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে মানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণের উদ্দেশ্যে দেশের ৬৩টি উপজেলায় একটি করে মাধ্যমিক উচ্চ বিদ্যালয়কে মডেল স্কুলে উন্নীত করা হয়। সেটা ২০০৮ সালের জানুয়ারিতে। ওই তালিকায় ৩১ নম্বরে রয়েছে গুরুদাসপুর পাইলট উচ্চ বিদ্যালয়।

ওই স্কুলের প্রধান শিক্ষক মো. আকসার আলী জানান, স্কুলটি মডেল ঘোষণার পর থেকে সুবিধা ভোগ করে আসছে। সরকারিকরণের আশায় বুক বেঁধে রয়েছে সকলে। কিন্তু টানা ছয় বছর অতিবাহিত হলেও প্রতিষ্ঠানটি সরকারিকরণ না হওয়ায় সকলেই হতাশ। উল্লেখ্য, ১৯১৭ সালে এলাকার শিক্ষানুরাগী কিছু মানুষের প্রচেষ্টায় ওই স্কুলটি প্রতিষ্ঠা করা হয়।